মেহেরপুরে শহিদদের স্মরণ ও হাসিনার পতনের বর্ষপূর্তি উপলক্ষে আনন্দ মিছিল

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে শহিদদের স্মরণে মেহেরপুরের জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), মেহেরপুর জেলা শাখা।

পুষ্পস্তবক অর্পণের পর মঙ্গলবার সকালে
খুনি হাসিনার পতনের বর্ষপূর্তি উপলক্ষে একটি আনন্দ মিছিল বের করে দলটির নেতাকর্মীরা।

জেলা সমন্বয় কমিটির যুগ্ম সমন্বয়কারী আসিক রাব্বির নেতৃত্বে মিছিলটি জুলাই স্মৃতিস্তম্ভ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জাতীয় নাগরিক পার্টির মেহেরপুর জেলা কার্যালয়ে এসে শেষ হয়।

এসময় জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় সংগঠক মো: মুজাহিদুল ইসলাম, জেলা সমন্বয় কমিটির সদস্য মো: হাসানাত জামান সৈকত, মো: তামিম ইসলাম, মো: মাহবুব-ই-তৌহীদ রবিন, সাদ্দাম হোসেন জীবন, সদর উপজেলা সমন্বয় কমিটির প্রধান সমন্বয়কারী হাসমত আলী, সদস্য সাজেদুর রহমান, তাহসিন রাব্বি, মোবারক হোসাইন, আরাফাত হোসেন, সাহেব মাহমুদ, গাংনী উপজেলা সমন্বয় কমিটির প্রধান সমন্বয়কারী মো: আব্দুল্লাহ আল মাহমুদ, যুগ্ম সমন্বয়কারী সবুজ রানা প্রমুখ।

অনুষ্ঠান শেষে সাধারণ ছাত্র-জনতা ও নেতাকর্মীদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

মেহেরপুরে জেলা যুবদলের

বিক্ষোভ মিছিল

অন্তর্বর্তীকালীন সরকারের নির্লিপ্ততায় সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতিতে বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা যুবদল।

বৃহস্পতিবার(১৭ জুলাই) বিকালে মেহেরপুর পাথর গেটের সামনে থেকে জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলীর নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কলেজ মোড়ে এসে শেষ হয়।

এ সময় বিক্ষোভ মিছিলে জেলা যুবদলের সহ-সভাপতি মোশাররফ তপু, এস এ খান শিল্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, সদর থানা যুবদলের আহ্বায়ক লেয়াকত আলী, সদর থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাহিদুল ইসলাম, যুবদল সদস্য মেহেদী হাসান রোলেক্স সহ গাংনী উপজেলা, মুজিবনগর উপজেলার সকল ইউনিটের যুবদলের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

এ সময় বিক্ষোভ মিছিল শেষে জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের নির্লিপ্ততায় সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতিতে দুঃখ প্রকাশ করেন সেই সাথে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিয়ে কটুক্তি করায় তীব্র ক্ষোভ ও প্রতিবাদ করেন, এবং অতিদ্রুত জাতীয় সংসদ নির্বাচনের দাবী জানান।

মেহেরপুরের গাংনীতে জামায়াতের মিছিল

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ৭ দফা দাবি আদায় ও গোপালগঞ্জে হামলার প্রতিবাদে, ঢাকায় জামায়াতের কেন্দ্রীয় সমাবেশকে স্বাগত জানিয়ে মেহেরপুরের গাংনীতে মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ জুলাই) বিকেলে গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে মিছিলটি গাংনী হাইস্কুল মাঠ থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

মিছিলে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মোহাম্মদ রবিউল ইসলাম, সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, মেহেরপুর-২ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী নাজমুল হুদা, পৌর জামায়াতের বাইতুল মাল সম্পাদক জিল্লুর রহমান, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জামায়াত নেতা মো. আলম হোসাইন, গাংনী পৌরসভার কাউন্সিলর আলমগীর হোসেনসহ জামায়াতের অন্যান্য নেতৃবৃন্দ।

ঝিনাইদহে যুবদলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

“দিল্লি গেছে স্বৈরাচার পিন্ডি যাবে রাজাকার, স্বৈরাচার আর রাজাকার মিলেমিশে একাকার, ষড়যন্ত্র হয়নি শেষ, সজাগ থাকো বাংলাদেশ” এই শ্লোগানকে সামনে নিয়ে সারাদেশে আইনশৃঙ্খলার অবণতি ও গুপ্ত সংগঠনের নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জেলা জাতীয়তাবাদী যুবদল।

বৃহস্পতিবার (১৭ জুন) বেলা সাড়ে ১১টায় শহরের উজির আলী মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পায়রা চত্বরে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।
জেলা যুবদলের সভাপতি আহসান হাবীব রনকের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি অ্যাড. এমএ মজিদ।

জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুর সঞ্চালনায় সমাবেশে আরও বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সহ সভাপতি এনামুল হক মুকুল, যুগ্ম সম্পাদক এম শাহজাহান আলী, জেলা ছাত্রদলের সভাপতি

সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, গণতন্ত্র ও দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ধ্বংস করতে গুপ্ত সংগঠন নৈরাজ্য সৃষ্টির পায়তারা করছে। জিয়া পরিবার ও তারেক রহমানকে নিয়ে অপপ্রচার শুরু করেছে ৭১ এর পরাজিত শক্তি। এসময় বক্তারা গোপালগঞ্জে এনসিপির পদযাত্রায় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ-যুবলীগের বর্বরোচিত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি জানান।

গাংনীতে বিএনপি’র মশাল মিছিল ও প্রতিবাদ সমাবেশ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে কুরুচিপূর্ণ বক্তব্য ও গোপালগঞ্জে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নৈরাজ্যর বিরুদ্ধে মেহেরপুরের গাংনীতে বিরাট মশাল মিছিল করেছে বিএনপি।

গতকাল বুধবার রাতে গাংনী উপজেলা বিএনপি’র উদ্যোগে তাৎক্ষণিক এই মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু ও জেলা কৃষকদের আহ্বায়ক মাহাবুবুর রহমান মাহবুব এর নেতৃত্বে মশাল মিছিলটি গাংনী হাসপাতাল বাজার এলাকা থেকে শুরু হয়ে বড়বাজার, উত্তরপাড়া হয়ে শহীদ আবু সাঈদ চত্বরে এসে সংক্ষিপ্ত সমাবেশ করে।

সমাবেশে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, গাংনী পৌর জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভি, গাংনী পৌর বিএনপি’র সাবেক সাংগাঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু, গাংনী পৌর স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শাজাহান সেলিম, মেহেরপুর জেলা ছাত্র দলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, যুবদল নেতা শাহিবুল ইসলাম সহ বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে কাজিপুর গ্রামে বিরাট বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বিএনপির পক্ষ থেকে।

গুপ্ত সংগঠনের অপচেষ্টার প্রতিবাদে মেহেরপুরে ছাত্রদলের বিক্ষোভ মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা ছাত্রদল বিক্ষোভ মিছিলের আয়োজন করে। দীর্ঘদিন ধরে গোপন তৎপরতায় অভ্যস্ত একটি গুপ্ত সংগঠন কর্তৃক জনমনে আতঙ্ক সৃষ্টি, শিক্ষাপ্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ বিনষ্ট এবং সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবের নেতৃত্বে বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি জুয়েল রানা, মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজীস ইউসুফ রমিক, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

ছাত্রদলের নেতারা অভিযোগ করেন, একটি স্বার্থান্বেষী মহল শিক্ষাঙ্গনে অস্থিরতা সৃষ্টির মাধ্যমে শিক্ষার্থীদের ভবিষ্যৎ ধ্বংসের পাঁয়তারা চালাচ্ছে। তারা এই ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

মেহেরপুরে মহান মে দিবসে বিএনপি’র মিছিল

মহান মে দিবস উপলক্ষে “শ্রমজীবী মানুষের ঐক্যে, আমরা এগিয়ে যাব লক্ষ্যে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি। বৃহস্পতিবার (১ মে) বিকেলে মেহেরপুর জেলা বিএনপি’র আয়োজনে এই মিছিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে সড়ক বিভাগ অফিসের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।
মিছিল জুড়ে দলের নেতাকর্মীরা মে দিবসের তাৎপর্য এবং অধিকার প্রতিষ্ঠার দাবিতে স্লোগান দেন।

মাসুদ অরুন বলেন, শ্রমজীবী মানুষ, খেটে খাওয়া মানুষ নারী পুরুষ ঐক্যবদ্ধ ভাবে এই রাষ্ট্রকে সোনার রাষ্ট্রে পরিণত করতে হবে। দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ৩১দফা বাস্তবায়নের মধ্য দিয়ে শ্রমজীবী মানুষের কল্যাণকর আধুনিক রাষ্ট্র আমরা তৈরি করতে চাই।

মিছিলে আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি সহ বিএনপি’র বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

ফিলিস্তিনে ইস/রাই/লী গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ও বিক্ষোভ মিছিল

গাজায় মুসলমানদের উপর ইসরাইলী গণহত্যার প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুরের দিকে বাংলাদেশ আহলে হাদিস যুব সংঘের উদ্যোগে মেহেরপুর প্রেসক্লাবের সামনে মানববন্ধন শেষে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আহলে হাদিস যুব সংঘ মেহেরপুর সদর উপজেলার সভাপতি রবিউল ইসলামের সভাপতিত্বে মানববন্ধনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আহলে হাদিসের কেন্দ্রীয় সেক্রেটারি মাওলানা নুরুল ইসলাম। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আহলে হাদিস ইমাম পরিষদের সভাপতি আব্দুর রশিদ আক্তার।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন নাজমুল হোসেন, মনিরুল মনিরুজ্জামান, ইয়াকুব আলী, সাজিদুর রহমান আকাশ প্রমূখ। পরে গাজায় মুসলমানদের উপর ইসরাইলী গণহত্যার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

বাংলাদেশ আহলে হাদিস যুব সংঘ মেহেরপুর সদর উপজেলার সভাপতি রবিউল ইসলামের নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি প্রেসক্লাবের সামনে থেকে শুরু করে প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়।

ফিলিস্তিনে গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে ইমাম সমিতির বিক্ষোভ মিছিল

ফিলিস্তিনে চলমান গণহত্যার প্রতিবাদে বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল ৫ টায় শহীদ ড.শামসুজ্জোহা পার্ক থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা ইসরায়েলের অব্যাহত আগ্রাসনের তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে এই বর্বরতা বন্ধের আহ্বান জানান। তারা আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ফিলিস্তিনে যে গণহত্যা চালানো হচ্ছে তা মানবতার বিরুদ্ধে অপরাধ।

বিক্ষোভ ও সমাবেশে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি হাফেজ মাওলানা রোকনুজ্জামান, সাধারণ সম্পাদক মাওলানা সিরাজ উদ্দীন, সাংগঠনিক সম্পাদক মাওলানা আব্দুল ওহাব, দপ্তর সম্পাদক মাওলানা জামাল উদ্দীন, সহ-দপ্তর সম্পাদক মাওলানা ইদ্রিত আলী, সদস্য মাওলানা সাইফুল ইসলাম, হাফেজ মাওলানা শাহজালাল, নাসির উদ্দিন, জামাল উদ্দিন, আব্দুর রহমানসহ বিভিন্ন স্তরের মুসল্লিরা।

এই বিক্ষোভ মিছিল ও সমাবেশে মুসল্লিরা ফিলিস্তিনিদের প্রতি সংহতি প্রকাশ করে বিভিন্ন স্লোগান দেন এবং ইসরায়েলি আগ্রাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।

ইসরাইলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ইসরাইলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুরের গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের সাধারণ জনগণ।

বুধবার সকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাঁড়াডোব বাজারে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আখেরুজ্জামান। বক্তব্য রাখেন স্থানীয় রাজনীতিক আনসারুল হক, স্কুল শিক্ষক আব্দুর রকিবসহ আরও অনেকে।

বক্তারা বলেন, গাজায় গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নীরব। মানবাধিকার সংগঠনগুলোর এই নীরবতা প্রশ্নবিদ্ধ। তারা বলেন, এখন সময় এসেছে শক্তি সঞ্চয় করে প্রতিরোধ গড়ে তোলার।

সমাবেশ থেকে বক্তারা ইসরাইলের সকল ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান এবং আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করেন।